

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ২২১

বদান্যতা, কুপণতা ও চারিত্রিক দোষ-ত্রুটি

পরিচ্ছেদঃ ১১৪- দুনিয়ার সৎকর্মশীলগণই আখেরাতে সৎকর্মশীল হিসেবে গণ্য হবে।

بَابُ أَهْلِ الْمَعْرُوفِ فِي الدُّنْيَا أَهْلُ الْمَعْرُوفِ فِي الْآخِرَةِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ حَسَّانَ الْعَنْبَرِيُّ، قَالَ: حَدَّثَنَا حَبَّانُ بْنُ عَاصِمٍ، وَكَانَ حَرَمَلَةً أَبَا أُمِّهِ، فَحَدَّثْتَنِي صَفِيَّةُ ابْنَةُ عَلِيَّةَ، وَدُحَيْبَةُ ابْنَةُ عَلِيَّةَ، وَكَانَ جَدُّهُمَا حَرَمَلَةً أَبَا أَبِيهِمَا، أَنَّهُ أَخْبَرَهُمْ، عَنْ حَرَمَلَةَ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّهُ خَرَجَ حَتَّى أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَكَانَ عِنْدَهُ حَتَّى عَرَفَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَلَمَّا ارْتَحَلَ قُلْتُ فِي نَفْسِي: وَاللَّهِ لَا تَيْنَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَزْدَادَ مِنَ الْعِلْمِ، فَجِئْتُ أَمْشِي حَتَّى قُمْتُ بَيْنَ يَدَيْهِ فَقُلْتُ مَا تَأْمُرُنِي أَعْمَلُ؟ قَالَ: يَا حَرَمَلَةُ، أَنْتِ الْمَعْرُوفُ، وَاجْتَنِبِ الْمُنْكَرَ، ثُمَّ رَجَعْتُ، حَتَّى جِئْتُ الرَّاحِلَةَ، ثُمَّ أَقْبَلْتُ حَتَّى قُمْتُ مَقَامِي قَرِيبًا مِنْهُ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، مَا تَأْمُرُنِي أَعْمَلُ؟ قَالَ: يَا حَرَمَلَةُ، أَنْتِ الْمَعْرُوفُ، وَاجْتَنِبِ الْمُنْكَرَ، وَانْظُرْ مَا يُعْجِبُ أُنْذَكَ أَنْ يَقُولَ لَكَ الْقَوْمُ إِذَا قُمْتَ مِنْ عِنْدِهِمْ فَأْتِهِ، وَانْظُرِ الَّذِي تَكْرَهُ أَنْ يَقُولَ لَكَ الْقَوْمُ إِذَا قُمْتَ مِنْ عِنْدِهِمْ فَاجْتَنِبْهُ، فَلَمَّا رَجَعْتُ تَفَكَّرْتُ، فَإِذَا هُمَا لَمْ يَدْعَا شَيْئًا.

বাংলা

২২১। হারমালা ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি রওনা হয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গিয়ে উপস্থিত হলেন। তিনি তাঁর নিকট উপস্থিত থাকতেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে চিনে ফেলেন। তিনি রওয়ানা হলে আমি মনে মনে বললাম, আল্লাহর শপথ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট যাবো এবং আমার জ্ঞানের পরিধি বাড়াবো। আমি হেঁটে হেঁটে তার নিকট গিয়ে তার সামনে দাড়ালাম। আমি বললাম, আপনি আমাকে কি কাজের নির্দেশ দিবেন? তিনি বলেনঃ হে হারমালা! তুমি সৎকাজ করবে এবং পাপ কাজ থেকে বিরত থাকবে। অতঃপর আমি ফিরে এসে আমার বাহনের নিকট এলাম, আবার ফিরে গিয়ে তার নিকট আমার স্থানে দাড়ালাম। আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! আপনি আমাকে কি কাজ করার নির্দেশ

দিবেন? তিনি বলেনঃ “হে হারমালা! তুমি সংকাজ করবে এবং পাপ কাজ বর্জন করবে। তুমি লক্ষ্য করো, তোমার কান কি শুনতে পছন্দ করে? তোমার সম্প্রদায় তোমার অনুপস্থিতিতে যা বললে তুমি আনন্দ পাও তা করো এবং তোমার অনুপস্থিতিতে তোমার সম্প্রদায় যা বললে তুমি অপছন্দ করো তা থেকে বিরত থাকো”। হারমালা (রাঃ) বলেন, আমি ফিরে এসে ভেবে দেখলাম, তা এমন দু’টি কথা, যাতে কিছুই বাদ পড়েনি (তায়ালিসী, আদাবুল মুহাদ্দিস, ইসাবা)।

English

Harmala ibn 'Abdullah went to the Prophet, may Allah bless him and grant him peace, and stayed with him until the Prophet, may Allah bless him and grant him peace, recognised him. He said, "When we set out, I told myself, 'By Allah, I will go to the Prophet, may Allah bless him and grant him peace, so that I will have more knowledge. I went in the evening until I was in front of him. I asked, 'What do you command me to do?' He replied, 'Harmala, do what is correct and avoid the incorrect.' Then I went back to the caravan. Then I came back again until I was in my place near him. I asked, 'Messenger of Allah, what do you command me to do?' He replied, 'Harmala, do what is correct and avoid the incorrect. Find out what you like to hear people tell you when you are with them. When you leave me, behave in that manner. Find out what you dislike for people to say to you. When you leave me, avoid that.' When I returned, I thought that these two statements did not omit anything."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45536>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন